

ভালো একজন বৈদ্য এল সোনার নদীয়ায়
পঞ্চরসে বদন মাখা নামটি শ্রী গৌরাঙ্গ রায় ॥

A good doctor has arrived in golden Nadia
His face glows with the five *rasas*, his name –
Shri Gauranga Rai.

সর্ব জীবের প্রতি করুণা
নদীয়াতে খুলেছেন তিনি ডাক্তারখানা
(আবার) রোগী দেখতে ভিজিট নেয় না
ডেকে ডেকে নিয়ে যায় ॥

With compassion for all creatures
He started a clinic in Nadia.
He doesn't charge fees from patients
Rather calls on them to come see him.

রোগীর পথ্য দিবেন গো বাবু
সাধু-সঙ্গ দুগ্ধ সাবু
আবার হরিকথার পাতিলেবু
মুখে যাতে রুচি হয়ে যায় — রসনায়

The doctor prescribes food for his patients:
as *sago* and boiled milk: the company of good men
and as lemon: the talk of Hari
so they get their taste buds back.

জগাই মাধাই রোগী গো ছিল
তাদের কপাল খুব ভাল
বিন্দুমাত্র ঔষধ খেয়ে মুক্তিপদ পাইল
তারা হরি বলে বাহু তুলে
প্রেমানন্দে নাচে গায় ॥

[The rogues] Jagai and Madhai became his patients
They were very fortunate.
One drop of the medicine, and they achieved liberation
With raised arms they chanted the name of Hari
and sang and danced — full of love.

কারো দেহে নাই গো ব্যারাম
সবে হয়েছে আরাম
অনিল বলে কেবল মাত্র আমি রহিলাম
(গুরু গো) না জানি কোন কর্মের ফলে
(আমি) ভুগতেছি রোগের জ্বালায় ॥

No one has ailments any more
Everyone feels good
Anil says, “Only I am miserable ...
O guru, because of my unknown *karma*
I am suffering from disease”.

Rough translation by Soumya Chakravarti